দৈনিক
আমাদের সময়

তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম 2

# শিক্ষায় মুনাফা বরদাশত করা হবে না : শিক্ষামন্ত্রী

গোলাপগঞ্জ (সিলেট) প্রতিনিধি ● শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন মুনাফাবিহীন কাজ। এতে সবার সহযোগিতা প্রয়োজন। শুধ মুনাফা অর্জনের জন্য বিশ্ববিদ্যালয় স্থাপন করা হলে তা বরদাশত করা হবে না। শনিবার বিকাল সাড়ে ৪টায় সিলেটের গোলাপগঞ্জ উপজেলার মোল্লা গ্রামে বেসরকারি নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয় বাংলাদেশের (এনইইউবি) স্থায়ী ক্যাম্পাস নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

মন্ত্রী বলেন, দেশে ১৩০টির বেশি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় রয়েছে। মফস্বল এলাকায় বিশ্ববিদ্যালয়ের অনুমোদন ছিল একটি টেস্ট কেস এরপর পৃষ্ঠা ৯ কলাম ১

## শিক্ষায় মুনাফা বরদাশত

(৩ এর পৃষ্ঠার পর) ও আস্থার পরীক্ষা। নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সেই আস্থার প্রতিদান দিতে পেরেছে। ফলে অনুমোদনের পাঁচ বছরের মাথায় স্থায়ী ক্যাম্পাসের নির্মাণকাজ শুরু করা সম্ভব হয়েছে।

অনুষ্ঠানের বিশেষ অতিথির বক্তব্য দেন নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয় বাংলাদেশের ভিসি অধ্যাপক আব্দুল হাই শিবলী, গোলাপগঞ্জ পৌরসভার মেয়র সিরাজুল জব্বার চৌধুরী, সিলেট জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি গোলাম শাহীন আলম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়া, সিলেটের বিভাগীয় কমিশনার মো. জামাল উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনইইউবি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অ্যাডভোকেট ইকবাল আহমদ চৌধুরী।